চুয়াডাঙ্গায় জেলা রোভার স্কাউটসের সুবর্ণ জয়ন্তী ডে-ক্যাম্প অনুষ্ঠিত

“স্কাউটিং করবো “স্মার্ট বাংলাদেশ গড়বো” এই প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা জেলা রোভারের আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠে দিনব্যাপী ডে-ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল নয়টার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠে চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক ও নিগার সিদ্দিক ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ আবু নাসিরের সভাপতিত্বে ডে-ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) মোঃ কবির হোসেন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দক্ষ, যোগ্য ও সুশৃঙ্খল জাতি গঠনে রোভার স্কাউটের বিকল্প নেই।মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। আগামী ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশের আমরা যে স্বপ্ন দেখছি সেটা বাস্তবায়নের দেশের অন্যান্য সামাজিক ও পেশাজীবী সংগঠনের মতো কাজ করে যাচ্ছে রোভার স্কাউটসের সদস্যরা। আমি মনে করি ছাত্র জীবনের শুরুতেই স্কাউটিং এর মত একটি সামাজিক সংগঠনের সাথে কাজ করা প্রত্যেক শিক্ষার্থীর দরকার কারণ এখান থেকেই একজন শিক্ষার্থী নিজেকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে পারবে।

স্বাগত বক্তব্যে চুয়াডাঙ্গা জেলার রোভারের সম্পাদক ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান বলেন, স্কাউটিং নতুন প্রজন্মকে নৈতিক ও জীবনধর্মী প্রশিক্ষণ দিয়ে থাকে। এর মাধ্যমে তরুণদের মাঝে আধুনিক, প্রগতিশীল ও সৃজনশীল গুণাবলী বিকশিত হয়। ফলে স্কাউট সদস্যরা সেবার মন্ত্রে দীক্ষিত হচ্ছে এবং সচেতন দেশপ্রেমিক নাগরিক হিসেবে নিজেদেরকে গড়ে তুলছে। পরোপকারি হিসেবে সমাজ সেবার ক্ষেত্রে বিশেষ অবদান ও প্রশংসনীয় ভূমিকা রেখে যাচ্ছে। নানা প্রাকৃতিক দুর্যোগ বা কোভিড-১৯ কালীন স্কাউট সদস্যদের সেই আন্তরিকতা আমরা দেখতে পেয়েছি। স্কাউট আন্দোলনকে আরও বেগমান করার জন্য আমাদের সকলকে একসাথে কাজ করতে হবে।

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের ৫০ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণজয়ন্তী রোভার মুট আগামী ১-৫ মার্চ রোভার পল্লী বাহাদুরপুর গাজীপুরে অনুষ্ঠিত হবে। এর পূর্ব প্রস্তুতি হিসাবে একযোগে বাংলাদেশের ৬৪টি জেলার মতো চুয়াডাঙ্গা জেলা রোভারের এই ডে- ক্যাম্পটি অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা রোভার আয়োজিত এই ডে ক্যাম্পে ২৫টি দল অংশগ্রহণ করে এবং একজন রোভার স্কাউট লিডারের নেতৃত্বে ৮জন করে রোভার প্রতিটি দলে অংশগ্রহণ করে।

ক্যাম্প ভেন্যুতে রিপোর্টিং-এর মাধ্যমে শুরু হয় ক্যাম্পের আনুষ্ঠানিক কার্যক্রম। যার যার জন্য নির্ধারিত তাবু এড়িনা আবাস উপযোগী করে গড়ে তোলা এবং পারিপার্শ্বিক অবস্থা সাজিয়ে নেয়ার কাজ সম্পন্ন করে রোভার স্কাউটরা।

সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ক্যাম্পের কার্যক্রম তিন ভাগে ভাগ করা হয়। কেন্দ্রীয় অনুষ্ঠান উদ্বোধনী-সমাপনি, স্কাউট স্কিল এবং নলেজ স্টেশন।

নিজের স্কিল উন্নয়নে রোভার স্কাউটরা কোড অ্যান্ড সাইফার, পাইওনিয়ারিং, প্রাথমিক প্রতিবিধান, অনুমান ও পযবেক্ষণ, নলেজ স্টেশন, রোড টু পিআরএস, আমার লগবুক এবং বেটার ওয়ার্ল্ড ফ্রেম ওয়ার্ক কার্যক্রমে অংশ নেন।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা রোভারের কোষাধ্যক্ষ মাকসুদুর রহমান, চুয়াডাঙ্গা জেলা রোভার নেতা আব্দুল মুকিত জোয়ার্দ্দার।

আরও উপস্থিত ছিলেন আব্দুল ওয়াদুদ শাহ্ ডিগ্রী কলেজের ইউনিট লিডার বশির আহম্মেদ, চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(আইসিটি) এমদাদ হোসেন, সহকারী কমিশনার ও উথলী কলেজ রোভার দলের ইউনিট লিডার রাশেদুল ইসলাম, সহকারী কমিশনার ও কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজের ইউনিট লিডার সাইফুল ইসলাম, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজ রোভার দলের ইউনিট লিডার লিয়াকত আলী, দর্শনা ডি.এস ফাজিল মাদ্রাসা রোভার দলের ইউনিট লিডার মুনজুর আহমাদ, জীনননগর ডিগ্রী কলেজ গার্ল ইন রোভার দলের ইউনিট লিডার খাদিজা খাতুন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র রোভার মেট সাকিব বিশ্বাস সহ চুয়াডাঙ্গা জেলা রোভারের ইউনিট লিডার ও রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা রোভার স্কাউটসের সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের গৌরবের পঞ্চাশ বছর উদযাপন উপলক্ষে মেহেরপুরে সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৭ জানুয়ারি) সকালে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটা র্যালি বের হয়। র্যালিটি মেহেরপুর সরকারী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে শেষ হয়ে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা রোভার স্কাউটসের সহ সভাপতি নুরুল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা রোভারের সভাপতি শামীম হাসান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা রোভারের কমিশনার ও মেহেরপুর সরকারী মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

জেলা রোভার স্কাউটসের সম্পাদক ফররুখ আহমেদের সঞ্চালনায় জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, ডি আর এস এল আনোয়ার হোসেন, সহকারী কমিশানার জাহির হোসেন চঞ্চল, গাংনী ডিগ্রি কলেজের আাসাদুজ্জামান, জেলা যুগ্ন সম্পাদক আলমগীর হোসেন, হাড়াভাঙ্গা মাদ্রাসার সহকারী অধ্যাপক আতিকুর রহমান, মুজিবনগর ডিগ্রি কলেজের রোকেয়া খাতুন, ছহিউদ্দীন ডিগ্রি কলেজের ওয়াহিদুজৃজামান টিটু, এআরবি কলেজের সেলিম রেজা, সরকারী টেকনিকাল স্কুল এন্ড কলেজের মনারুল ইসলাম, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজের এমদাদুল হক ও আন নুর টেকনিকাল এন্ড বিএম কলেজের শাহিনুজ্জামান সহ বিভিন্ন কলেজ মাদ্রাসার ও রোভার শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা রোভার স্কাউটসের নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস মেহেরপুর জেলা রোভারের নির্বাহি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার দুপুর ১২ টায় পাওনিয়ার প্রফেশনাল স্কুল অ্যান্ড কলেজে অনুষ্ঠিত সভায় জেলা রোভারের সহ- সভাপতি নুরুল আহম্মেদ এর সভাপতিত্বে এবং সম্পাদক ফররুখ আহমদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা রোভারের কমিশনার প্রফেসর রফিকুল ইসলাম, জেলা রোভারের ডিআরএসএল আনোয়ার হোসেন, সহকারী কমিশনার জাহির হোসেন চঞ্চল, কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, ইউনিট লিডার আসাদুজ্জামান, রোকেয়া খাতুন ও ওয়াহিদুজ্জামান টিটুসহ জেলা রোভারের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় আগামী ২৭ শে জানুয়ারি বাংলাদেশ স্কাউটস এর সুবর্ণজয়ন্তী উপলক্ষে দেশব্যাপী একযোগে বিভিন্ন কর্মসূচী পালনে জেলা রোভারের করণীয় এবং বিভিন্ন উপ -কমিটি করা হয় । জেলা রোভারের কর্মসূচির মধ্যে রয়েছে জেলা শিল্পকলা একাডেমি থেকে শহীদ শামসুজ্জোহা পার্ক পর্যন্ত জেলার বিভিন্ন ইউনিটের রোভার, প্রাক্তন রোভার, জেলা রোভারের কর্মকর্তা সহ সবাইকে নিয়ে র্যালি, আলোচনা সভা, রোভারদের করণীয় নিয়ে কয়েকটি সেসন পরিচালনা, প্রজেক্টরের মাধ্যমে শহরের কয়েকটি স্থানে ভিডিও প্রদর্শনী সহ বাংলাদেশ রোভার স্কাউটস এর সুবর্ণজয়ন্তী উপলক্ষে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। মেহেরপুর জেলা রোভার স্কাউটস বাংলাদেশ স্কাউটস এর সাথে মিল রেখে বিভিন্ন কর্মসূচি পালন করবে।

এছাড়া সভায় আগামী ২-৪ ফেব্রুয়ারিতে মুজিবনগর সরকারি কলেজে অনুষ্ঠিতব্য জেলা মুট নিয়ে ও বিস্তারিত আলোচনা করা হয়।